

## সখার প্রতি

আঁধারে আলোক-অনুভব, দুঃখে সুখ, রোগে স্বাস্থ্যভান;  
প্রাণ-সাক্ষী শিশুর ক্রন্দন, হেথা সুখ ইচ্ছ মতিমান?  
দ্বন্দ্বযুদ্ধ চলে অনিবার, পিতা পুত্রে নাহি দেয় স্থান;  
'স্বার্থ' 'স্বার্থ' সদা এই রব, হেথা কোথা শান্তির আকার?  
সাক্ষাৎ নরক স্বর্গময় -- কেবা পারে ছাড়িতে সংসার?  
কর্ম-পাশ গলে বাঁধা যার -- ক্রীতদাস বল কোথা যায়?

যোগ-ভোগ, গার্হস্থ্য-সন্ন্যাস, জপ-তপ, ধন-উপার্জন,  
ব্রত ত্যাগ তপস্যা কঠোর, সব মর্ম দেখেছি এবার;  
জেনেছি সুখের নাহি লেশ, শরীরধারণ বিড়ম্বন;  
যত উচ্চ তোমার হৃদয়, তত দুঃখ জানিহ নিশ্চয়।  
হৃদিবান্ নিঃস্বার্থ প্রেমিক! এ জগতে নাহি তব স্থান;  
লৌহপিণ্ড সহে যে আঘাত, মর্মর-মূরতি তা কি সয়?  
হও জড়প্রায়, অতি নীচ, মুখে মধু, অন্তরে গরল --  
সত্যহীন, স্বার্থপরায়ণ, তবে পাবে এ সংসারে স্থান।

বিদ্যাহেতু করি প্রাণপণ, অর্ধেক করেছি আয়ুক্ষয় --  
প্রেমহেতু উন্মাদের মতো, প্রাণহীন ধরেছি ছায়ায়;  
ধর্ম তরে করি কত মত, গঙ্গাতীর শূশান আলয়,  
নদীতীর পর্বতগহ্বর, ভিক্ষাশনে কত কাল যায়।  
অসহায় -- ছিন্নবাস ধ'রে দ্বারে উদরপূরণ --  
ভগ্নদেহ তপস্যার ভারে, কি ধন করিনু উপার্জন?

শোন বলি মরমের কথা, জেনেছি জীবনের সত্য সার --  
তরঙ্গ-আকুল ভবঘোর, এক তরী করে পারাপার --  
মন্ত্র-তন্ত্র, প্রাণ-নিয়মন, মতামত, দর্শন-বিজ্ঞান,  
ত্যাগ-ভোগ -- বুদ্ধির বিভ্রম; 'প্রেম' 'প্রেম' -- এই মাত্র ধন।

জীব ব্রহ্ম, মানব ঈশ্বর, ভূত-প্রেত-আদি দেবগণ,  
পশু-পক্ষী কীট-অণুকীট -- এই প্রেম হৃদয়ে সবার।  
'দেব' 'দেব' -- বলো আর কেবা? কেবা বলো সবারে চালায়?  
পুত্র তরে মায়ে দেয় প্রাণ, দস্যু হরে -- প্রেমের প্রেরণ।।  
হয়ে বাক্য-মন-অগোচর, সুখ-দুঃখে তিনি অধিষ্ঠান,  
মহাশক্তি কালী মৃত্যুরূপা, মাতৃভাবে তাঁরি আগমন।  
রোগ-শোক, দারিদ্র-যাতনা, ধর্মাধর্ম, শুভাশুভ ফল,  
সব ভাবে তাঁরি উপাসনা, জীবে বলো কেবা কিবা করে?

ভ্রান্ত সেই যেবা সুঃখ চায়, দুঃখ চায় উন্মাদ সে জন --

মৃত্যু মাঙ্গে সেও যে পাগল, অমৃতত্ব বৃথা আকিঞ্চন।  
যতদূর যতদূর যাও, বুদ্ধিরথে করি আরোহণ,  
এই সেই সংসার-জলধি, দুঃখ সুখ করে আবর্তন।

পক্ষহীন শোন বিহঙ্গম, এ যে নহে পথ পালাবার  
বারংবার পাইছ আধাত, কেন কর বৃথায় উদ্যম?  
ছাড় বিদ্যা জপ যজ্ঞ বল, স্বার্থহীন প্রেম যে সম্বল;  
দেখ, শিক্ষা দেয় পতঙ্গম -- অগ্নিশিখা করি আলিঙ্গন।  
রূপমুগ্ধ অন্ধ কীটাদম, প্রেমমত্ত তোমার হৃদয়;  
হে প্রেমিক, স্বার্থ-মলিনতা অগ্নিকুণ্ডে কর বিসর্জন।  
ভিক্ষুকের কবে বলো সুখ? কৃপাপাত্র হয়ে কিবা ফল?  
দাও আর ফিরে নাহি চাও, থাকে যদি হৃদয়ে সম্বল।  
অনন্তের তুমি অধিকারী, প্রেমসিন্ধু হৃদে বিদ্যমান,  
'দাও, দাও' -- যেবা ফিরে চায়, তার সিন্ধু বিন্দু হয়ে যান।

ব্রহ্ম হ'তে কীট-পরমাণু, সর্বভূতে সেই প্রেমময়,  
মন প্রাণ শরীর অর্পণ কর সখে, এ সবার পায়।  
বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর?  
জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।